গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৪ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ/ ২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং ২০১-আইন/২০২২/১০৯/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, এলইডি ল্যাম্প এবং এনার্জি সেভিং ল্যাম্প স্থানীয়ভাবে উৎপাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত-

(ক) এলইডি ল্যাম্প উৎপাদনকারী কর্তৃক TABLE-1 এর কলাম (1) এ বর্ণিত Heading এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও কম্পোনেন্টসমূহকে;

(খ) এনার্জি সেভিং ল্যাম্প উৎপাদনকারী কর্তৃক TABLE-2 এর কলাম (1) এ বর্ণিত Heading এর বিপরীতে কলাম (2) এ উল্লেখিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও কম্পোনেন্টসমূহকে-

উহাদের উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক এবং মূল্য সংযোজন কর হইতে নিম্নবর্ণিত শর্তাবলি পূরণসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

TABLE-1

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
39.07	3907.40.10	Polycarbonates
	3907.40.10	PBT
76.06	7606.11.10	Non-alloyed aluminium rectangular (including square) plates, sheets and strips
	7606.92.10	Other Aluminium alloy plate, sheet and strips
85.39	8539.90.31	Metal CAP B22/E27
	8539.90.31	LED Driver
	8539.90.31	PCB
	8539.90.31	LED CHIPS

TABLE-2

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
85.04	8504.90.29	Electro Magnetic Coil
	8504.90.29	Inverter coil
	8504.90.90	Coil Bobbin
	8504.90.90	E Core (Ferrite Core)
	8504.90.90	O Core (Ferrite Core)
	8504.90.90	Torrodial Coil
85.32	8532.10.00	Mylar Capacitor
	8532.30.00	
	All H. S. Code	Surface Mont Device (SMD) Capacitor
		Electrolytic Capacitor
		Ceramic Capacitor
		Metallized Polypropylene (X2) Capacitor
85.33	8533.10.00	Resistor
	8533.10.00	Surface Mount Device (SMD) Resistor
	8533.39.00	Metal Oxide Varister (MOV) Resistor
	8533.39.00	Negative Temperature Coefficient (NTC) Resistor
	8533.39.00	Positive Temperature Coefficient (PTC) Resistor
85.34	8534.00.00	Printed Circuits
85.36	8536.10.00	Fuse
	8536.30.90	Small Relay, 12V 5A
	8536.90.90	Small Connector
85.41	8541.10.00	Control Transistor NPN and PNP
	8541.10.00	Crystal Diode
	8541.10.00	Doide
	8541.10.00	MOSFET Transistor
	8541.10.00	Power Transistor NPN
	8541.10.00	Surface Mount Device (SMD) Diode
	8541.10.00	Thyristor
	8541.10.00	Zender Diode
	8541.30.00	Diac/Bi Directional Switching Diode
85.42	8542.31.90	Power Factor Connector (PFC) Integrated Circuit (IC)
	8542.31.90	Special Integrated Circuit (IC) 2520
85.44	8544.11.90	Power Line

শর্তাবলি

(১) সংশ্লিষ্ট আমদানিকারককে Industrial IRC holder VAT compliant এলইডি ল্যাম্প ও এনার্জি সেভিং ল্যাম্প উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান হইতে হইবে।

<u>ব্যাখ্যা-</u>

(ক) "Industrial IRC holder" অর্থ এইরূপ প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা (Industrial Consumer) আইআরসি রহিয়াছে;

(খ) "VAT compliant" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর অধীন নিবন্ধিত এবং নিয়মিত দাখিলপত্র (রিটার্ন) দাখিল করে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান;

(গ) "এলইডি ল্যাম্প উৎপাদনকারী প্রতিষ্ঠান" অর্থ মূল্য সংযোজন কর নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যাহারা স্থানীয়ভাবে সংগৃহীত বা আমদানিকৃত কাঁচামাল দ্বারা এলইডি ল্যাম্প এর নিম্নবর্ণিত ৩ (তিন) টি উপাদান (Components) উৎপাদন করে; যথা:-

(১) LED DIFUSER (COVER)

(২) LED HOUSING (Base)

(৩) Aluminium CUP।

(২) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সম্বলিত মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের অথবা প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক মূসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো দৈব-দুর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে।

(৩) এলইডি ল্যাম্প ও এনার্জি সেভিং ল্যাম্প শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কারখানা স্থাপনের পর এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধায় কাঁচামাল বা যন্ত্রাংশ আমদানির অনুমোদনের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) বরাবর আবেদন করিতে হইবে, উক্ত আবেদন বিবেচনার ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড এর দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তা এবং শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধির সমন্বয়ে গঠিত কমিটি আবেদনকারী প্রতিষ্ঠান সরেজমিন যাচাইপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) বরাবর **"পরিশিষ্ট-১"** অনুযায়ী একটি প্রতিবেদন দাখিল করিবেন এবং উক্ত প্রতিবেদন অনুযায়ী প্রতিষ্ঠানের শিল্প স্থাপন সংক্রান্ত কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হইলে আবেদনকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি হারে পণ্য আমদানির অনুমোদন প্রদান করা হইবে। উক্ত অনুমোদনপত্রের সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

(৪) এলইডি ল্যাম্প ও এনার্জি সেভিং ল্যাম্প উৎপাদনকারী কর্তৃক প্রতি একক এলইডি ল্যাম্প ও এনার্জি সেভিং ল্যাম্প এর যন্ত্র বা যন্ত্রাংশ উৎপাদনের জন্য সম্ভাব্য বা যৌক্তিক অপচয়সহ কী কী উপকরণ কী পরিমাণে আবশ্যক (উপকরণ-উৎপাদ সহগ) সে সম্পর্কিত তথ্য **"পরিশিষ্ট-২"** অনুযায়ী ৩ (তিন) কপি পণ্য আমদানির পূর্বে সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে উপকরণ-উৎপাদ সহগ অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন এবং একটি কপি অফিসের

রেকর্ড হিসাবে সংরক্ষণ করিবেন, দ্বিতীয় কপি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) বরাবরে প্রেরণ করিবেন এবং অপর কপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে ফেরত দিবেন। **পরিশিষ্ট-২** এর সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

(৫) (ক) আমদানি ও শুল্কায়ন সংক্রান্ত অন্যান্য বিষয়সহ দফা (১), (২), (৩) ও (৪) এর শর্ত পরিপালন করা হইয়াছে কিনা তাহা সংশ্লিষ্ট শুল্কায়নকারী কর্মকর্তা কর্তৃক যাচাই করিয়া নিশ্চিত হইতে হইবে এবং শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার পর্যায়ে শুল্কায়ন অনুমোদন করাইতে হইবে;

(খ) শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার শুল্কায়নে বিলম্ব পরিহারের লক্ষ্যে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেম বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইট বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইট হইতে মূসক নিবন্ধন সনদের (BIN) সঠিকতা যাচাই করিবেন।

(৬) কোনো উৎপাদনকারী এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিলে এবং উক্ত লঙ্ঘনজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে Customs Act, 1969 এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য আইনের বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২। ২৪ ফেব্রুয়ারি, ২০১১ খ্রিষ্টাব্দ মোতাবেক ১২ ফাল্গুন, ১৪১৭ বঙ্গাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও নং ৩৭-আইন/২০১১/২৩২৮/শুল্ক এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

পরিশিষ্ট-১
[শর্ত (৩) দ্রষ্টব্য]
<u>কারখানা পরিদর্শন প্রতিবেদন</u>

আমরা নিম্নস্বাক্ষরকারীগণ বিগত ------------খ্রি তারিখ-------------------- নামীয় এলইডি ল্যাম্প ও এনার্জি সেভিং ল্যাম্প উৎপাদনকারী শিল্প কারখানা সরেজমিনে পরিদর্শন করি। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ, যথা:-

১। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :
২। মূসক নিবন্ধন নম্বর (BIN) :
৩। মালিক/স্বত্বাধিকারীর নাম ও ঠিকানা (বর্তমান/স্থায়ী) :
৪। আয়কর সনদ নম্বর (TIN) :
৫। জমি ও ভবনের বিবরণ :
(ক) জমি ও ভবন নিজস্ব কিনা :
(খ) মোট জমির পরিমাণ :
(গ) কারখানা ভবনের (ওয়্যারহাউসসহ) আয়তন:
(ঘ) কারখানা ভবনের প্রকৃতি : (পাকা/সেমি পাকা/অন্যান্য) :
(ঙ) অফিস ভবনের আয়তন :
(চ) বিদ্যুৎ সংযোগ আছে কিনা :
৬। কারখানা ভবন ভাড়া হইলে ভাড়া চুক্তির কপি:
৭। স্থাপিত যন্ত্রপাতির বিবরণ :
৮। স্থাপিত যন্ত্রপাতি দ্বারা উৎপাদনযোগ্য পণ্যের বিবরণ :
৯। উৎপাদনযোগ্য পণ্যের উপকরণ-উৎপাদ সহগ সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটে দাখিল ও অনুমোদন করা হইয়াছে কিনা :

উপর্যুক্ত তথ্যাদি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, বর্ণিত প্রতিষ্ঠানটি স্থানীয়ভাবে এলইডি ল্যাম্প ও এনার্জি সেভিং ল্যাম্প উৎপাদনের লক্ষ্যে প্রাথমিক প্রস্তুতি সম্পন্ন করিয়াছে। প্রতিষ্ঠানটিকে প্রজ্ঞাপন এস,আর,ও নং ২০১-আইন/২০২২/১০৯/কাস্টমস, তারিখ: ২৮ জুন, ২০২২ খ্রিস্টাব্দ এর আওতায় প্রজ্ঞাপনে উল্লিখিত পণ্য/যন্ত্রাংশ/উপকরণ রেয়াতি সুবিধায় আমদানির অনুমোদন প্রদানের সুপারিশ করা হইল এবং প্রতিষ্ঠানটিকে এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, এলইডি ল্যাম্প ও এনার্জি সেভিং ল্যাম্প উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসাবে তালিকাভুক্ত করা হইল।

সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তার নাম ও স্বাক্ষর তারিখ:	শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধির নাম ও স্বাক্ষর তারিখ:	জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধির নাম ও স্বাক্ষর তারিখ:

পরিশিষ্ট-২
[শর্ত (৪) দ্রষ্টব্য]
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

এলইডি ল্যাম্প ও এনার্জি সেভিং ল্যাম্প তৈরীর উপকরণ/কাঁচামাল সম্পর্কিত ঘোষণা:

১। প্রতিষ্ঠানের নাম:
২। ঠিকানা:
৩। মূসক নিবন্ধন নম্বর:

ক্রঃ নং	**পণ্যের নাম ও** H.S. Code	**একক**	**পণ্য উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল বা উপকরণ এর নাম** (H.S. Code সহ)	**অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)**	**অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)**	**অপচয়ের শতকরা হার**
(১)	**(২)**	**(৩)**	**(৪)**	**(৫)**	**(৬)**	**(৭)**

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও তারিখ

সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তার প্রতিস্বাক্ষর ও তারিখ

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।